যুগান্তর
প্রিন্ট: ০৭ সেপ্টেম্বর ২০২৫, ০৯:১৫ এএম

সারাদেশ

# চবি সংঘর্ষের মূলহোতা যুবলীগ কর্মী গ্রেফতার

হাটহাজারী (চট্টগ্রাম) প্রতিনিধি
প্রকাশ: ০৫ সেপ্টেম্বর ২০২৫, ০৫:৪৪ পিএম



মো. হান্নান। ছবি: সংগৃহীত

X

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের (চবি) শিক্ষার্থী ও স্থানীয় বাসিন্দাদের মধ্যে টানা দুই দিনের সংঘর্ষের ঘটনায় করা মামলায় মো. হান্নান নামে আরও এক আসামিকে গ্রেফতার করেছে র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়নের (র‍্যাব) হাটহাজারী ক্যাম্পের সদস্যরা।

হাটহাজারী ক্যাম্পের কোম্পানি কমান্ডার পুলিশ সুপার সাইফুর রহমান এ বিষয়ে নিশ্চিত করেছেন।

স্থানীয় যুবলীগ কর্মী হান্নান সংঘর্ষের ঘটনায় হওয়া মামলার এজাহারভুক্ত ৫৬ নম্বার আসামি। এ মামলায় হান্নান ১নং আসামি যুবলীগ নেতা হানিফের সহযোগী বলে জানিয়েছে র‍্যাব।

শুক্রবার সকালে র‍্যাব-৭ এর সহকারী পরিচালক (মিডিয়া) এআরএম মোজাফ্‌ফর হোসেন গণমাধ্যমকে জানান, বৃহস্পতিবার রাতে চট্টগ্রামের হাটহাজারীর ফতেপুর ইউনিয়ন থেকে তাকে গ্রেফতার করা হয়। এ ঘটনায় এ পর্যন্ত মোট ৯ জনকে গ্রেফতার করা হয়েছে।

৭ দফা দাবিতে উত্তাল চবি

তিনি জানান, চবি শিক্ষার্থী ও স্থানীয়দের সংঘর্ষের মূলহোতা মো. হান্নানকে গ্রেফতারের পর প্রাথমিক জিজ্ঞাসাবাদে তিনি স্বীকার করেছেন, তিনি সংঘর্ষে জড়াতে স্থানীয়দের প্রলুব্ধ করেছেন।

এদিকে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে সংঘর্ষের ঘটনায় এখন পর্যন্ত ৮ জনকে গ্রেফতার করেছে পুলিশ। বুধবার (৩ সেপ্টেম্বর) হাটহাজারী উপজেলার ফতেপুর ইউনিয়নের জোবরা গ্রামে অভিযান চালিয়ে তাদের গ্রেফতার করা হয়।

বৃহস্পতিবার এক নারী শিক্ষার্থীকে বাসার দারোয়ান কর্তৃক মারধরের ঘটনাকে কেন্দ্র করে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী ও স্থানীয়দের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটে।

X